

সার্কুলার নং-বিজিএ/শ্রম/২০২৬/১০২

তারিখ : ২৯ এপ্রিল, ২০২৬

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয় : বাংলাদেশ শ্রম আইন ২০০৬, অদ্যাবধি সংশোধিত ১০ এপ্রিল, ২০২৬ এর উপর প্রশিক্ষণ প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১০ এপ্রিল, ২০২৬ তারিখে বাংলাদেশ শ্রম (সংশোধন) আইন ২০২৬ (মহান জাতীয় সংসদ কর্তৃক) পাশ করেছে। বিজিএমইএ উক্ত সংশোধিত আইনের উপর বিনামূল্যে প্রশিক্ষণ কর্মশালা প্রদানের আয়োজন করতে যাচ্ছে।

উক্ত প্রশিক্ষণ কর্মশালায় আপনার কারখানার এইচআর, এডমিন এন্ড কমপ্লায়েন্স বিভাগ থেকে ০২ (দুই) জন উপযুক্ত কর্মকর্তার নাম নিম্নোক্ত ছক মোতাবেক অতিরিক্ত সচিব (শ্রম), বিজিএমইএ, বিজিএমইএ প্রধান কার্যালয়, বাড়ী # ৭/৭এ, ব্লক # এইচ-১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা-১২৩০ অথবা ই-মেইলে [rafiq.islam@bgmea.com.bd](mailto:rafiq.islam@bgmea.com.bd) প্রেরণ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

তবে উক্ত প্রশিক্ষণে বিজিএমইএ'র প্রতিটি সদস্য কারখানার ২ (দুই) জনের বেশী প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবে না। কারখানা থেকে প্রাপ্ত তালিকা মোতাবেক পর্যায়ক্রমে প্রশিক্ষণে অংশগ্রহণের তারিখ ও সময় যথারীতি পত্র/ই-মেইল মারফত জানানো হবে।

ক্রমিক নং	কর্মকর্তার নাম	কর্মকর্তার পদবী	ই-মেইল	মোবাইল নম্বর (Whatsapp)
১				
২				

ধন্যবাদান্তে,

*Luqman*

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)

ভারপ্রাপ্ত সচিব

*PK*

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION**

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •